উপজেলা পরিষদ
সখিপুর, টাঙ্গাইল
উপজেলা পরিষদে অক্টোবর/২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জুলফিকার হায়দার কামাল
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
সখিপুর, টাঙ্গাইল
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ
সভার তারিখ ও সময় ঃ ২৫-১০-২০২২ সকাল-১১.০০ টা।
সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট -'' ক '' (হাজিরা রেজিস্টারে সংরক্ষিত) ।

সভার শুরুতে সভাপতি উপজেলা পরিষদের উপস্থিত সম্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর, টাঙ্গাইলকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কিনা তা সভায় উপস্থাপনের জন্য সকলকে আহবান জানান। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রয়োজনীয় ব্যয় সংক্রান্ত আলোচনা করা হয়।

উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়সমূহ ঃ
০১। উপজেলা পরিষদের চেয়ারম্যান, ০২ জন ভাইস চেয়ারম্যান এর অক্টোবর/২০২২ মাসের সম্মানী ভাতা = ৯৪,০০০/-
০২। উপজেলা পরিষদের চেয়ারম্যান, ০২ জন ভাইস চেয়ারম্যান এর অক্টোবর/২০২২ মাসের ভ্রমণ ভাতা = ২২,০০০/-
০৩। উপজেলা পরিষদের মাস্টাররোল ০২ জন কর্মচারীর অক্টোবর/২০২২ মাসের দৈনিক মজুরী ভাতা = ৩৩,০০০/-
০৪। উপজেলা পরিষদের অক্টোবর/২০২২ মাসের সভার ও মাসিক আপ্যায়ন ব্যয় মাসিক ৩০,০০০/-টাকা হিসাবে = ৩০,০০০/-
০৫। উপজেলা পরিষদের অক্টোবর/২০২২ মাসের অফিস সামগ্রী ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয় মাসিক ৫,০০০/- টাকা হিসাবে = ৫০০০/-
০৬। উপজেলা পরিষদের ১৭ টি স্ট্যান্ডিং কমিটির অক্টোবর/২০২২ মাসের সভায় আপ্যায়ন ব্যয় মাসিক ৮০০০/-টাকা হিসাবে = ৮,০০০/-
০৭। উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২২ মাসের ইন্টারনেট বিল মাসিক ৩,৫০০/- টাকা হিসাবে = ৩,৫০০/-
সিদ্ধান্ত -০১ ঃ বিস্তারিত আলোচনা শেষে বকেয়া আনুষাঙ্গিক বিলসহ উপরিউক্ত ব্যয়সমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ভাউচার/মাষ্টাররোল ও বিলের মাধ্যমে পরিশোধ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।
আলোচ্য সূচি- ০২ ঃ বিভাগীয় আলোচনা ঃ

| ক্র.নং. | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে জানান যে, ২৮/০৯/২০২২ হতে ০৮/১০/২০২২ পর্যন্ত করোনা ভ্যাকসিনের ১ম ডোজ সম্পন্ন হয়েছে। ১১/১০/২০২২ খ্রি. তারিখ হতে ৫-১২ বছর বয়সের শিক্ষার্থীদের করোনার ভ্যাকসিন প্রদান কাযক্রর্ম শুরু হয়েছে এবং তা চলমান রয়েছে। এ কার্যক্রমে ১০৭ টি স্কুলের মোট ৩৫,০০০ জন শিক্ষার্থীকে টিকা প্রদান করা হবে। সখিপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্যসেবার মান দপ্তর ভিত্তিক বিভাগীয় স্কোরিং এ এখন পূর্বের অবস্থা থেকে অনেক ভালো অবস্থাতে রয়েছে (পূর্বে র‍্যাংকিং ছিল ২৫৪ এবং বর্তমান র‍্যাংকিং ৫৪)। এছাড়া তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, কৃষি পুনর্বাসন কর্মসূচির আওতায় ৭৬০ জন কৃষককে সবজী বীজ বিতরণ করা হবে। এসব সবজি বীজের মধ্যে রয়েছে টমেটো, বেগুন, ডাল ইত্যাদি। সখিপুর উপজেলায় ৩৫০ হেক্টর জায়গার মধ্যে কলার চাষ করা হয়। ঘূর্ণিঝড় সিত্রাংয়ের প্রভাবে ৯.৭৩ হেক্টর কলার আবাদ নষ্ট হয়ে গিয়েছে যার আর্থিক মূল্য ১,০৯,৪৬,০০০/- (এক কোটি নয় লক্ষ ছেচল্লিশ হাজার) টাকা। এছাড়া তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে,সিত্রাং এর প্রভাবে ক্ষতিপূরণে সর্বোচ্চ চেষ্টা বিধি মোতাবেক কৃষি বিভাগ গ্রহণ করবে এবং দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০৩. | প্রাণিসম্পদ ও ভেটেরিনারী বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রাণিসম্পদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তবে বৃষ্টির কারণে অফিস কম্পাউন্ডের ভেতরে জলাবদ্ধতার কারণে চাষ করা ঘাস পঁচে যাচ্ছে। জলাবদ্ধতা নিরসণে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া বিভিন্ন এলাকায় গরু চুরির ঘটনা বেড়ে যাচ্ছে। কোরবানী ঈদ পর্যন্ত এই গরু চুরির ঘটনা আরও বাড়ার সম্ভাবনা রয়েছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, জলাবদ্ধতা নিরসণে মেয়র, সখিপুর পৌরসভা এবং গরু চুরির বিষয়ে অফিসার-ইন-চার্জ, সখিপুর থানা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো | মেয়র, সখিপুর পৌরসভা, উপজেলা প্রাণীসম্পদ ভেটেরিনারী কর্মকর্তা ও অফিসার ইন-চার্জ, সখিপুর থানা |
| ০৪. | প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি'র কাজ দ্রুত শেষ করতে হবে। এজন্য প্রকল্পের তালিকা দ্রুত জমা দেওয়ার অনুরোধ জানান। প্রকল্পের তালিকা পাওয়া গেলে বাছাই করে প্রাক্কলন প্রস্তুত করে টেন্ডারের মাধ্যমে দ্রুত কাজ শেষ করার ব্যবস্থা করতে হবে বলে জানান। | বিস্তারিত আলোচনান্তে, ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি'র কাজ দ্রুত শেষ করার জন্য সংশ্লিষ্ট সকল প্রকল্পের তালিকা প্রেরণ করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৫. | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ফাল্গুন-চৈত্র মাসে খাস জলাভূমি ইজারা প্রদান করা হয়ে থাকে। জলমহাল নীতিমালা ২০১২ অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবিদের চারটি ক্যাটাগরিতে জলমহাল ইজারা দিতে হবে। কিন্তু সখিপুর ১২টি নিবন্ধিত সমবায় সমিতি এবং ৭৬৬ জন নিবন্ধিত মৎস্যজীবি রয়েছে। এজন্য অনলাইনে আবেদন করতে গেলে বিভিন্ন সমস্যার সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে এখনই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা না হলে সামনের অর্থবছরে সমস্যার সম্মুখীন হতে হবে। এছাড়া তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৬. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বর্তমানে শিক্ষকদের বদলী কার্যক্রম অনলাইনে সম্পন্ন করা হয়। বাড়ি, কর্মস্থলের দূরত্ব, লিঙ্গ ইত্যাদি বিবেচনায় স্কোরিং এর ভিত্তিতে শিক্ষকদের বদলী করা হবে বলে সভাকে অবহিত করেন এবং সরকারের এ উদ্যোগকে তিনি সাধুবাদ জানান। এছাড়া তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা শিক্ষা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | | |
| ০৭. | মাধ্যমিক শিক্ষা বিভাগ | নব যোগদানকৃত উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় উপস্থিত সকলকে নিজের পরিচয় ও শুভেচ্ছা জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি জানান যে, আগামী ০৬/১১/২০২২ খ্রি. তারিখ হতে এইচএসসি/আলীম/বিএমটি পরীক্ষা শুরু হবে। সখিপুর আবাসিক মহিলা কলেজ, সরকারি মুজিব কলেজ দুটি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং প্রতিমাবংকী দাখিল মদ্রাসায় আলীম পরীক্ষা অনুষ্ঠিত হবে। এছাড়া আগামী ২৭/১০/২০২২ খ্রি. তারিখ প্রথমবারের মত জাতীয়ভাবে শিক্ষক দিবস উদযাপন করা হবে। শ্রেণী কার্যক্রম চলমান রেখে দিবসটি উদযাপন করা হবে। এছাড়া তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, এইচএসসি পরীক্ষা ২০২২ সুষ্ঠভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং জাতীয় শিক্ষক দিবস সফলভাবে উদযাপন করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৮. | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ০৯. | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা অতিদ্রুত মৃত ভাতাভোগী চিহ্নিত করে উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। এছাড়া সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগী কল্যাণ সমিতি রয়েছে। রোগী কল্যাণ সমিতিতে আর্থিক অনুদান ইচ্ছুক থাকে তাহলে উপজেলা সমাজসেবা কার্যালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করেন। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, মৃত ভাতাভোগীদের চিহ্নিত করে ইউপি চেয়ারম্যান (সকল) উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১০. | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ১১. | সমবায় বিভাগ | উপজেলা সমবায় বিভাগের প্রতিনিধি বাহারুল ইসলাম সভায় জানান যে, আগামী ০৫ নভেম্বর ২০২২ খ্রি. তারিখ সমবায় দিবস পালিত হবে। দিবসটি পালনে সকলের সার্বিক সহয়োগিতা কামনা করেন। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, আগামী ০৫ নভেম্বর ২০২২ খ্রি. তারিখ সমবায় দিবস সুষ্ঠুভাবে পালনের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১২. | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, আগামী ০৯ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখে রোকেয়া দিবস। দিবসটি পালনের জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। জয়িতা অন্বেষণের কাজ চলমান রয়েছে। আগামী মাসের ১৫ তারিখ পর্যন্ত আগ্রহী প্রার্থীগণ আবেদন করতে | বিস্তারিত আলোচনান্তে, সফলভাবে আগামী ০৯ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখ রোকেয়া দিবস পালন এবং নিরপেক্ষভাবে যোগ্যতার ভিত্তিতে জয়িতা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পারবে। ৫টি ক্যাটাগরিতে জয়িতা নির্বাচন করা হবে। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | নির্বাচন করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ১৩. | উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৪. | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা সভায় জানান যে, খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় অনলাইনে ৮৩% বাছাই সম্পন্ন হয়েছে। ১৮৫৬ জন উপকারভোগী যাচাই করা হয়েছে। ৮৮১৩ জন অনুমোদন করা হয়েছে। নতুন করে ২২০২ জন উপকারভোগী অন্তর্ভুক্ত করা যাবে। এক্ষেত্রে আশ্রয়ণ এর মানুষগুলোকে এর আওতাভুক্ত করার প্রস্তাব করেন। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা |
| ১৫. | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, আগামী ০১/১১/২০২২ খ্রি. যুব দিবস পালিত হবে। উক্ত দিবসে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, ০১/১১/২০২২ খ্রি. তারিখের যুব দিবস সুষ্ঠুভাবে পালন এবং কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬. | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, অদ্য ২৫/২০/২০২২ তারিখ সারা দেশব্যাপী জাতীয় স্যানিটেশন দিবস পালিত হয়েছে। সখিপুর উপজেলায় সকলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে দিবসটি সফলভাবে পালন করা হয়েছে। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৭. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প বিভাগ | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে ইউজিডিপি প্রকল্পের আওতায় প্রতি বছরের মতো ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য উপজেলার বিভিন্ন কার্যক্রম মূল্যায়ন করা হবে। তাই তিনি সকল উপজেলা কমিটি বা স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী হালনাগাদ করে উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরে পাঠানোর জন্য অনুরোধ করেন এবং উপজেলা কমিটির কার্যকর সভা দু'মাস পরপর নিয়মিত বাস্তবায়নের জন্য আহ্বান জানান। | বিস্তারিত আলোচনান্তে, স্থায়ী কমিটির সভা প্রতি দু'মাস পরপর নিয়মিত করার জন্য প্রত্যেক দপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং কোন দপ্তর সভা নিয়মিত না করলে তাঁর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ ও কর্মকর্তা (সকল) |
| ১৮. | উপজেলা তথ্যসেবা বিভাগ | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা |
| ১৯. | চেয়ারম্যান, | চেয়ারম্যান, কাকড়াজান ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত | বিস্তারিত আলোচনান্তে, সকল | চেয়ারম্যান, |

| | | | | |
|---|---|---|---|---|
| | ০১ নং কাকড়াজান | সকলকে শুভেচ্ছা জানান। তিনি জানান যে, কচুয়া বীট অফিসার তাকে না জানিয়ে মহিলা মেম্বারের স্বাক্ষর নিয়ে তারা বিভিন্ন সময় টাকা নিয়ে প্রভাবশালী ব্যক্তিদের প্লট বরাদ্দ দিচ্ছে। এছাড়া তিনি আরও জানান যে, গোবরচাকা থেকে বিন্নাটা পর্যন্ত রাস্তায় একটি ব্রীজ দরকার। এ বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | বীট কর্মকর্তাদের সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | কাকড়াজান ও বন কর্মকর্তা |
| ২০. | চেয়ারম্যান, ০২ নং বহেড়াতৈল | চেয়ারম্যান, বহেড়াতৈল ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। ভিজিডি কার্ড দিয়ে ডিসেম্বর/২০২২ পর্যন্ত চাল দেওয়া যাবে। তারপর এসব উপকারভোগী অন্যকোন সুবিধা পাবে কিনা এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, বহেড়াতৈল ইউপি |
| ২১. | চেয়ারম্যান, ০৩ নং গজারিয়া | চেয়ারম্যান, গজারিয়া ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। বাঘবেড় নতুন ব্রীজের দুইপাশে নিচু থাকায় বৃষ্টিতে কাঁদা হয়ে ঝুকিপূর্ণ হয়ে যায় এতে মানুষের চলাচলে অসুবিধার সৃষ্টি হয়। এছাড়া মুজিব কলেজ থেকে জয়বাংলা রাস্তার অবস্থা খুবই খারাপ রাস্তাটি দ্রুত মেরামত করার জন্য জানান। এছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, মুজিব কলেজ থেকে জয়বাংলা রাস্তার প্রাক্কলন প্রস্তুত করে জেলায় পাঠানো হয়েছে। অনুমোদন হয়ে আসলে কাজ করা হবে মর্মে সবসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী ও চেয়ারম্যান, গজারিয়া ইউপি |
| ২২. | চেয়ারম্যান, ০৪ নং যাদবপুর | চেয়ারম্যান, যাদবপুর ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। ২০২২-২০২৩ অর্থবছরের এডিপি প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করার পূর্বে তাদেরকে জানানোর অনুরোধ জানান। এছাড়া তিনি কাকড়াজান ইউপি চেয়ারম্যানের সাথে একমত পোষণ করে বলেন যে, সখিপুরে রেঞ্জ কর্মকর্তা এবং বিট অফিসারদের নিয়ে একটি মিটিং করে সাধারণ জনগণের ভোগান্তি কমানোর জন্য অনুরোধ জানান। এছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, রেঞ্জ কর্মকর্তা ও বিট অফিসারদের সাথে আগামী মাসে একটি মিটিং ডাকা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, যাদবপুর ইউপি ও বন কর্মকর্তা |
| ২৩. | চেয়ারম্যান, ০৫ নং কালিয়া | চেয়ারম্যান, কালিয়া ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। ঘূর্ণিঝড় সিত্রাং এর প্রভাবে কলাচাষীদের ব্যাপক ক্ষতি হয়েছে। তাদের প্রণোদনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা কৃষি কর্মকর্তা কলাচাষীদের প্রণোদনা দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা ও চেয়ারম্যান, কালিয়া |
| ২৪. | চেয়ারম্যান, ০৬ নং হাতীবান্ধা | চেয়ারম্যান, হাতীবান্ধা ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, হাতীবান্ধা ইউপি |
| ২৫. | চেয়ারম্যান, ০৭ নং দাড়িয়াপুর | চেয়ারম্যান, দাড়িয়াপুর ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। বেড়বাড়ি থেকে দাড়িয়াপুর আবাদি বাজার রাস্তায় কার্পেটিং করা হয়েছে। কিন্তু একটি | বিস্তারিত আলোচনান্তে, বেড়বাড়ি থেকে দাড়িয়াপুর আবাদি বাজার রাস্তায় একটি | চেয়ারম্যান, দাড়িয়াপুর ইউপি ও উপজেলা প্রকল্প |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইউ-ড্রেইন না থাকায় পানি জমে রাস্তাটি নষ্ট হয়ে যাচ্ছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | ইউ-ড্রেইন নির্মাণ করে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা প্রি-এ্যাসেসমেন্ট করে রাখবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | বাস্তবায়ন কর্মকর্তা |
| ২৬. | চেয়ারম্যান, ০৮ নং বহুরিয়া | চেয়ারম্যান, বহুরিয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। কালমেঘা থেকে জৈনরবাজার রাস্তা মেরামতকরণ শুরু হয়েছে অনেক আগে থেকে। এই রাস্তা দিয়ে প্রতিদিন প্রায় ২৫০০ জন মানুষ চলাচল করে। রাস্তার কাজটি দ্রুত শেষ করে জনগণের দুর্ভোগ কমানোর জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা প্রকৌশলী তদারকি করে রাস্তা মেরামতের কাজ দ্রুত শেষ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সর্মসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী ও চেয়ারম্যান, বহুরিয়া ইউপি |
| ২৭. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি জানান যে, ১৭ টি দপ্তরের স্থায়ী কমিটির মিটিং করে তার কার্যবিবরণী জমা প্রদানের জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান যে, সখিপুর পৌরসভার উত্তরা মোড়ের কিছু বাড়ির টয়লেট ও গোসলখানার পানি রাস্তার উপর পড়ে রাস্তাগুলো নষ্ট হয়ে যাচ্ছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, ১৭ টি দপ্তরের স্থায়ী কমিটির মিটিং করে তার কার্যবিবরণী প্রত্যেক দপ্তর প্রধান আগামী ১৫ (পনের) দিনের মধ্যে জমা প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলে। | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও কর্মকর্তা (সকল) |
| ২৮. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার, সভায় উপস্থিত সকলকে স্বাগত ও ধন্যবাদ জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি জানান যে, উপজেলা পরিষদ মেইন গেইটের দুইপাশে ২০ টি এবং পরিষদের ভেতরে ১টি দোকান রয়েছে। এর মধ্যে (১০X১০) সাইজের দোকান ১৬ টি, (১০X৭) সাইজের দোকান ২টি ও (১০X৫) সাইজের দোকান ২টি এবং (৫X২) সাইজের দোকান ১টি। উক্ত দোকানগুলোর ভাড়া দীর্ঘদিন যাবৎ বকেয়া ছিল। উপজেলা পরিষদের নোটিশের প্রেক্ষিতে ০২/০৫/২০২১ খ্রি. তারিখের ১১০ নং স্মারকের প্রতিবেদন এবং ২৫/০৫/২০২১ খ্রি. তারিখের উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক ৩০/০৮/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত দোকানদারগণ দীর্ঘদিনের বকেয়া বাবদ মোট ৮,৬২,৭০৯/- (আট লক্ষ বাষট্টি হাজার সাতশত নয়) টাকা পরিশোধ করেছেন এবং রশিদ দাখিল করেছেন। দীর্ঘদিনের বকেয়া পরিশোধের পর সকল দোকানের মালিকগণ ভাড়া কমিয়ে পুনঃনির্ধারণের জন্য আবেদন করেছেন। তিনটি দোকানের মালিক খুজে পাওয়া যায় নি | বিস্তারিত আলেচনান্তে, বণিক সমিতির আবেদন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর এর সুপারিশ এবং সভায় উপস্থিত সদস্যদের মতামতের ভিত্তিতে (১০X১০) সাইজের দোকানের ভাড়া ১৫% ভ্যাটসহ ১৫০০/-, (১০X৭) ও (১০X৫) সাইজের দোকানের ভাড়া ১৫% ভ্যাটসহ ১০০০/- এবং (৫X২) সাইজের দোকানের ভাড়া ১৫% ভ্যাটসহ ৭০০/- হারে নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হলো। নির্ধারিত হারে দোকান ভাড়া ০১/০৯/২০২২ খ্রি. তারিখ থেকে আদায় করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। নির্ধারিত হারে সঠিক সময়ে | চেয়ারম্যান,উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিধায় তাদের অনুকূলে বরাদ্দকৃত দোকানের বকেয়া মওকুফ করে বরাদ্দ বাতিলপূর্বক আগ্রহী প্রার্থীদের অনুকূলে বরাদ্দ প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রত্যেক দোকানদার নিম্ন আয়ের এবং এই দোকানের আয়ের উপর অনেকের পরিবার নির্ভরশীল, সেই দিক বিবেচনা করে সখিপুর বাজার বণিক সমিতির সভাপতি ভাড়া কমানোর জন্য আবেদন করেন এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব জুলফিকার হায়দার কামাল এ মর্মে সুপারিশ প্রদান করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। সেই প্রেক্ষিতে (১০X১০) সাইজের দোকানের ভাড়া ১৫% ভ্যাটসহ ১৫০০/-, (১০X৭) ও (১০X৫) সাইজের দোকানের ভাড়া ১৫% ভ্যাটসহ ১০০০/- এবং (৫X২) সাইজের দোকানের ভাড়া ১৫% ভ্যাটসহ ৭০০/- নির্ধারণের প্রস্তাব করেন সভাপতি, সখিপুর বাজার বণিক সমিতি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া পূর্বে দোকান মালিকগণ নিজ দায়িত্বে দোকান ভাড়া পরিশোধ করে অনেকেই রশিদ সংশ্লিষ্ট অফিসে জমা প্রদান করেন নাই। যার প্রেক্ষিতে বকেয়া ধার্য করতে অনেক জটিলতার সম্মুখীন হতে হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>ক) কালিয়া ইউনিয়নে একই খামারীর একসাথে ০৭ (সাত) টি গরু মারা গেছে। গরুর খামারী আর্থিকভাবে ব্যাপক ক্ষতিগ্রস্থ হয়েছে। গরুর খামারীকে উপজেলা পরিষদ হতে আর্থিক সাহায্য প্রদান করা হলে উপকৃত হবে। এছাড়া ঘূর্ণিঝড় সিত্রাং এ ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে আর্থিক অনুদান প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | দোকান ভাড়া আদায়ের স্বার্থে দোকান ভাড়া সংশ্লিষ্ট দায়িতরত্ব কর্মচারীর নিকট জমা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া তিনটি দোকানের বকেয়া মওকুফ করে আগ্রহী ব্যক্তিদের আবেদনের প্রেক্ষিতে তাদের অনুকূলে দোকান বরাদ্দ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, সখিপুর বাজারে উপজেলা পরিষদের পাঁচটি (১৩X১১) সাইজের দোকানের ভাড়া অপরিবর্তিত রেখে পূর্বের নির্ধারিত হারে দোকান ভাড়া আদায় করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>ক) বিস্তারিত আলোচনান্তে, গরুর খামারীকে এবং সিত্রাং এ ক্ষতিগ্রস্থ পরিবারকে আর্থিক সাহায্য হিসেবে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ১,০০,০০০/- প্রদান করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ২৯. | মেয়র, সখিপুর পৌরসভা | মেয়র, সখিপুর পৌরসভা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। সখিপুর পৌরসভায় ড্রেইনের কাজ চলমান রয়েছে। অনেকেই বাসাবাড়ির সিড়ি রাস্তার উপর নির্মাণ করেছে এতে ডেইন করতে সমস্যার সৃষ্টি হচ্ছে। উপজেলা প্রশাসনের হস্তক্ষেপে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হলে এ সমস্যা সমাধান হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। হাসপাতালের বর্জ্য নিয়মিত পরিষ্কার করা এবং খোলা ট্রাকে ময়লা পরিবহণ সংক্রান্ত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, বাসবাড়ি অনুমোদিত নক্সার বাইরে নির্মাণ করা হয়ে থাকলে মেয়র, সখিপুর পৌরসভা নির্দিষ্ট অভিযোগ দাখিল করলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া ট্রাকে ময়লা নেওয়ার ক্ষেত্রে যাতে ময়লা পড়ে রাস্তা নষ্ট না হয় তার জন্য সচেতনতামূলক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | মেয়র, সখিপুর পৌরসভা, উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩০. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫.১০.২২

(জুলফিকার হায়দার কামাল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সখিপুর, টাঙ্গাইল।

স্মারক নং- ০৫.৪১.৯৩৮৫.০০০.০৭.০১৯.২০-২০৮১ (৫০)

তারিখ ঃ ২৫/১০/২০২২ খ্রি.।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় জাতীয় সংসদ সদস্য-১৩৭ ( টাঙ্গাইল -৮, সখিপুর-বাসাইল নির্বাচনী এলাকা) ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিচালক, মনিটরিং ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
২। উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, টাঙ্গাইল।
৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, টাঙ্গাইল।
৪। সিভিল সার্জন, টাঙ্গাইল।
৫। নির্বাহী প্রকৌশলী, (বিউবো), টাঙ্গাইল।
৬। মেয়র, সখিপুর পৌরসভা।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, সখিপুর, টাঙ্গাইল।
৮। উপজেলা ..............................কর্মকর্তা, সখিপুর, টাঙ্গাইল।
৯। চেয়ারম্যান, ...................... ..... ইউনিয়ন পরিষদ (সকল), সখিপুর, টাঙ্গাইল।
১০। অফিস কপি।

২৫/১০/২০২২

(ফারজানা আলম)
উপজেলা নির্বাহী অফিসার
সখিপুর, টাঙ্গাইল